লক্ষ্যং বিজ্ঞানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examination, 2023-24

## BNGACOR06T-BENGALI (CC6)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করছে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। নাট্য নিয়ন্ত্রণ বিল প্রচলনের উদ্দেশ্য কী ? এই বিলের প্রভাব বাংলা নাটকে কীভাবে পড়েছিল তা আলোচনা করো। ৩+৭

অথবা

বেলগাছিয়া নাট্যশালা কবে, কোথায় প্রতিষ্ঠিত হয় ? এই নাট্যশালার প্রতিষ্ঠাতার নাম কী ? নাট্যশালাটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+১+৭

২। 'কৃষ্ণকুমারী' নাটকের মদনিকা ও বিলাসবতী চরিত্র দু'টির সঙ্গে শূদ্রকের কোন্ নাটকের কোন্ চরিত্র দু'টির সাদৃশ্য আছে ? মদনিকা ও বিলাসবতী চরিত্র দু'টির নাট্যগত উপযোগিতা বিচার করো। ৩+৭

অথবা

'কৃষ্ণকুমারী' নাটকে প্রাচ্য ও পাশ্চাত্য প্রভাব বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৫+৫

৩। 'রাজা' নাটকে সংগীত সংযোজনের সার্থকতা বিচার করো। ১০

অথবা

রবীন্দ্রনাথ ঠাকুরের 'রাজা' নাটকে ঠাকুরদা চরিত্রটির গুরুত্ব পর্যালোচনা করো। ১০

৪। 'নবান্ন' নাটকের সংলাপের অভিনবত্ব ও বৈশিষ্ট্য — আলোচনা করো। ১০

অথবা

বিজন ভট্টাচার্যের 'নবান্ন' নাটকটি কোন্ শ্রেণির নাটক, নাট্যকাহিনির বিশ্লেষণে তার পরিচয় দাও। ১০

৫। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০

(ক) বাগবাজার অ্যামেচার থিয়েটার কবে প্রতিষ্ঠিত হয় ? এই থিয়েটারের সঙ্গে জড়িত কয়েকজন ব্যক্তির নাম লেখো। এই থিয়েটারের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+১+৩

(খ) "এ ভারত ভূমির আর কি সে শ্রী আছে। এ'দেশের পূর্বকালীন বৃত্তান্ত সকল স্মরণ হলেও, আমরা যে মনুষ্য, কোন মতেই ত এ বিশ্বাস হয় না ....।" — বক্তা কে ? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ১+৪

(গ) "শত্রু পক্ষের পরিহাস অক্ষয় হোক, তারা আমার গায়ে ধুলো দিক। আজকের দিনের অভিসারে সেই ধুলোই যে আমার অঙ্গরাগ" – কে, কাকে একথা বলেছে ? প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

(ঘ) "ঘুরঘুট্টি অন্ধকার চারিদিকে সাপখোপের ভয়, মড়কের দেবতা বাতাসের কাঁধে ভর করে কেঁদে বেড়াচ্ছে আগানে বাগানে সাঁই সোঁ — ঘরের বাইরে বেরুতে সাহস করে না মানুষ" — কে, কাকে, কার সম্পর্কে বলেছে ? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ১+১+১+২

——×——